

বিষাদ গান

পায়ের নীচে স্থিতপাথর ছিল।
দুহাতে চাঁদ, জ্যোৎস্না ভাঙা জল,
চোখের কাছে চোখ ধাঁধানো মুখ,
ভিতর বুকে তুমুল দোলা চল।

পায়ের নীচে পাথরে ধার ছিল ॥

হাতের কাছে বন্ধু ছিল, ঘরে
বন্ধুরেখে মনকেমন খাম
ইচ্ছে মতো আগুনে হাত ধরে
বিষাদবহ ইচ্ছা পোড়াতাম।

হাতের কাছে বৃষ্টিধারা ছিল ॥

সহজ ছিল পুন্য তথা পাপ,
প্রথাবাহির সকল লেন দেনে
নিয়েধ ছিল মহামনস্ তাপ
শিলালিপির অমোঘ পাঠ মেনে
পথের ধারে ভুল নিশান ছিল।

পায়ের নীচে মৃতপাথর ছিল
একটি-দুটি স্থিতপাথর ছিল ॥

সুপ্রিয় ফণী